# পৃষ্ঠা বিভাজন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৫

tutorial.hamimit.com/পৃষ্ঠা-বিভাজন-করা-এম-এস-ও

**পৃষ্ঠা বিভাজন করা** হলো ডকুমেন্টের নির্দিষ্ট জায়গা থেকে অন্য পৃষ্ঠায় গমন করা। এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে বর্তমান পৃষ্ঠা লেখা পূর্ণ হলে কার্সর স্বয়ংক্রিয়ভাবে নতুন পৃষ্ঠায় চলে যায়।


কিন্তু আপনি ইচ্ছে করলে যে কোন লাইন থেকে পৃষ্ঠা বিভাজন করতে পারেন।

আজকের অধ্যায়ে ওয়ার্ড ২০১৬ তথা সকল ভার্সনে ডকুমেন্টে কিভাবে পৃষ্ঠা বিভাজন করা যায় সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।


## পৃষ্ঠা বিভাজন করা

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে **পৃষ্ঠা বিভাজন (Page Breaks)** করার জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

- প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পাদন করুন কিংবা পূর্বের তৈরিকৃত ডকুমেন্ট ওপেন করুন।
- এবারে যে পৃষ্ঠার নির্দিষ্ট স্থান হতে পৃষ্ঠা বিভাজন করতে চান কার্সর সেখানে রাখুন।
- **Insert** ট্যাবের **Pages** প্যানেল কিংবা গ্রুপের **Page Break** বাটন ক্লিক করুন।




লক্ষ্য কার্সর অবস্থিত স্থান থেকে পরবর্তী পৃষ্ঠার শুরুতে অবস্থান করছে।




## পৃষ্ঠা বিভাজন বাদ দেয়া

পৃষ্ঠা বিভাজন বাদ দেয়োর জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

- ডকুমেন্টের যে স্থান থেকে পৃষ্ঠা বিভাজন করেছেন কার্সর সেখানে রাখুন।
- অতপর কীবোর্ডের **Delete** কী চাপুন।

লক্ষ্য করুন, ডকুমেন্টের পৃষ্ঠা বিভাজন বাতিল হয়েছে।

## কীবোর্ড শর্টকাট কমাণ্ড

- ডকুমেন্টের যে স্থান হতে পৃষ্ঠা বিভাজ করতে চান কার্সর সেখানে রাখুন।
- অতপর কীবোর্ডের **Ctrl+Enter** কীদ্বয় চাপুন।

লক্ষ্য করুন, কার্সর পরবর্তী পৃষ্ঠার শুরুতে অবস্থান করছে।

**নোট:** যদিও কমাণ্ডটির ব্যবহার খুবই সাধারণ। কিন্তু কিছু কিছু সময় এ কমাণ্ডটি অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ডকুমেন্টে দ্রুত পৃষ্ঠা বিভাজন করার জন্য কীবোর্ড শর্টকাট কমাণ্ডটি ব্যবহার করতে পারেন।

পেজ সেটআপ নির্ধারণ – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৪ দেখতে এখানে ক্লিক করুন।

হেডার এবং ফুটার ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৬ দেখতে এখানে ক্লিক করুন।

> **পৃষ্ঠা বিভাজন করা** নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে হেডার এবং ফুটার [Header & Footer] ব্যবহার করবেন** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।